যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৮৬

১/ বিবিধ

আরবী

لا أعرفن أحدا منكم أتاه عني حديث وهو متكيء في أريكته فيقول: اتلوا به علي قرآنا! ما جاءكم عني من خير قلته أولم أقله فأنا أقوله، وما أتاكم من شر فإني لا أقول الشر ضعيف

أخرجه أحمد (2/483) والبزار (رقم 126 كشف الأستار) عن أبي معشر عن سعيد عن أبي هريرة مرفوعا
قلت: وهذا سند ضعيف من أجل أبي معشر، واسمه نجيح بن عبد الرحمن السندي، قال الحافظ في " التقريب
ضعيف، أسن واختلط
وقال عبد الحق الإشبيلي في " الأحكام " (7/2)
لم يكن قويا في الحديث
وقال الهيثمي في " المجمع " (1/154) : رواه أحمد والبزار، وفيه أبو معشر نجيح ضعفه أحمد وغيره، وقد وثق
قلت: وقد تابعه المقبري، وهو عبد الله بن سعيد، أخرجه ابن ماجه (رقم 21) نحوه وهو متهم، وقد تقدم حديثه قريبا برقم (1084)
تنبيه: أورد السيوطي هذا الحديث في " اللآليء " (1/213 ـ 214) من رواية أحمد بإسناد آخر له عن أبي هريرة، وذلك من أوهام السيوطي رحمه الله، تبعه الشوكاني في " الفوائد المجموعة " (ص 279) ولم يتنبه له ابن عراق في " تنزيه الشريعة "

(1/264) ، فإنه لا أصل له بالإسناد المشار إليه، لا في " المسند "، ولا في غيره، وإنما روى أحمد (2/366) به حديثا آخر متنه

" المؤمن القوي خير وأفضل وأحب إلى الله من المؤمن الضعيف، وفي كل خير.. " الحديث وهو صحيح مخرج في " ظلال الجنة " (356)

وجملة القول: أن هذه الأحاديث الأربعة عن أبي هريرة ليس فيها شيء يصح، وهي تدور على ثلاث طرق عنه، فالأوليان منها ليس لها إلا إسناد واحد، وفيها متهم ومتروك، والأخرى لها ثلاثة أسانيد، تدور كلها على سعيد بن أبي سعيد المقبري وهي كلها ضعيفة وبعضها أشد ضعفا من بعض كما سبق بيانه، ولهذا قال الشوكاني في " الفوائد " عقب هذه الطرق (281)

وبالجملة، فهذا الحديث بشواهده لم تسكن إليه نفسي، مع أنه لم يكن في إسناد أحمد، ولا في إسناد ابن ماجه من يتهم بالوضع، فالله أعلم، وإني أظن أن ابن الجوزي قد وفق للصواب بذكره في موضوعاته

قلت: وما ذكره في إسناد ابن ماجه غير مسلم، فإن فيه عبد الله بن سعيد بن أبي سعيد المقبري وهو متهم كما تقدم

وأقول: ومن الممكن إعلال الطريق الخرى بسعيد بن أبي سعيد نفسه، فإنه وإن كان ثقة ومن رجال الشيخين فقد كان اختلط كما ذكر غير واحد من الأئمة منهم ابن سعد ويعقوب بن شيبة، وكذا ابن حبان فقال في كتابه " الثقات " (1/63)

وكان اختلط قبل أن يموت بأربع سنين

وقول الذهبي

شاخ ووقع في الهرم ولم يختلط

فلا أدري ما وجهه بعد أن ثبت اختلاطه من ذكرنا من العلماء والمثبت مقدم على النافي؟ ! وكذلك قوله

ما أحسب أن أحدا أخذ عنه في الاختلاط، فإن ابن عيينة أتاه فرأى لعابه يسيل فلم يحمل عنه، فهذا مما لا دليل عليه إلا الظن، والحق أن مثل سعيد هذا ينتقى حديثه، فلا

يقبل كله، ولا يطرح كله، وما أظن الشيخين أخرجا له إلا على هذا النهج، إن كان ثبت عندهما اختلاطه

وقد روي الحديث عن غير أبي هريرة من أصحاب النبي صلى الله عليه وسلم، ولكن طرقها مما لا تقوم الحجة بها أيضا، وإليك بيانها

বাংলা

১০৮৬। তোমাদের কারো নিকট যখন আমার থেকে কোন হাদীস আসবে তখন তাকে তার খাটের উপর ঠেস লাগিয়ে এরূপ অবস্থায় আমি যেন না পায় যে সে বলছেঃ তুমি আমার নিকট কুরআন পাঠ কর! কারণ আমার নিকট হতে উত্তম যা কিছু আসে তা আমি বলে থাকি বা না বলে থাকি, তা আমিই বলেছি। আর তোমাদের নিকট মন্দ যা কিছু আমার উদ্ধৃতিতে আসবে (সে) মন্দ (কথা) আমি বলিনি।

হাদীসটি দুর্বল।

এটিকে ইমাম আহমাদ (২/৪৮৩), বাযযার (নং ১২৬) আবু মা'শার হতে, তিনি সাঈদ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবু মাশারের কারণে এ সনদটি দুর্বল। তার নাম নাজীহ ইবনু আব্দির রহমান আস-সিন্দী। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল, তার বয়স বেশী হয়ে যাওয়ায় মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।

আব্দুল হক ইশবীলী "আল-আহকাম" গ্রন্থে (২/৭) বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে শক্তিশালী ছিলেন না।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১/১৫৪) বলেনঃ আবু মা'শারকে ইমাম আহমাদ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন। তাকে কেউ কেউ নির্ভরযোগ্যও আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ আব্দুল্লাহ ইবনু সাঈদ ইবনে আবী সাঈদ মাকবুরী তার মুতাবা'য়াত করেছেন। এটি ইবনু মাজাহ্ (নং ২১) বর্ণনা করেছেন। কিন্তু তিনি মিথ্যার দোষে দোষী।

সতর্কবাণীঃ সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/২১৩-২১৪) ইমাম আহমাদের বর্ণনায় আবু হুরাইরাহ (রাঃ) হতে অন্য সনদে হাদীসটি উল্লেখ করেছেন। তা সুয়ূতীর সন্দেহ মাত্র। শাওকানী "আল-ফাওয়াইদুল মাজমূ'য়াহ" গ্রন্থে (পৃঃ ২৭৯) তার অনুসরণ করেছেন। ইবনু ইরাকও সে ব্যাপারে "তানযীহুশ শারীয়াহ" (১/২৬৪) গ্রন্থে সতর্ক হননি। কারণ যে সনদের দিকে ইঙ্গিত করা হয়েছে তার কোন ভিত্তি নেই। "মুসনাদ" সহ অন্য কোন গ্রন্থের মধ্যেও নাই। ইমাম আহমাদ আরেকটি হাদীস বর্ণনা করেছেন যার ভাষা নিম্নরূপঃ

আল্লাহর নিকট শক্তিশালী মু'মিন বেশী ভাল, উত্তম ও পছন্দনীয় দুর্বল মু'মিন হতে।

এ হাদীসটি সহীহ, "যিলালুল জান্নাহ" গ্রন্থে (৩৫৬) এটির তাখরীজ করা হয়েছে।

মোটকথাঃ আবূ হুরায়রা (রাঃ) বর্ণিত এ চারটি হাদিসের মধ্যে কোনটিই সহীহ্ নয়। এগুলো আবু হুরাইরাহ (রাঃ) হতে তিনটি সূত্রে বর্ণিত হয়েছে। প্রথম দুটির সনদ একটিই। যাতে মিথ্যার দোষে দোষী এবং মাতরূক বর্ণনাকারী রয়েছেন। আর অন্যটির তিনটি সনদ বর্ণিত হয়েছে। যেগুলোর প্রতিটিতে সাঈদ ইবনু আবী সাঈদ মাকবুরী রয়েছেন। সেগুলোর কোনটি দুর্বল আর কোন কোনটি অন্যটির চেয়ে বেশী দুর্বল যেমনটি তার বিবরণ দেয়া হয়েছে।

শাওকানী "আল-ফাওয়াইদ" গ্রন্থে বলেনঃ আমার ধারণা ইবনুল জাওযী হাদীসটিকে "আল-মাওযূ'আত" গ্রন্থে উল্লেখ করে সঠিক করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন